



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 19



Class: 3

Subject: Bengali Text (আবদুল মাঝির গল্প)

Date: 18/11/20

১। সে বললে “তারপর সে এক কাণ্ড” এখানে সে বলতে কাকে বোঝানো

হয়েছে ? এখানে কোন কাণ্ডের কথা বলা হয়েছে ?

উ: এখানে সে বলতে আবদুল মাঝিকে বোঝানো হয়েছে । কালবৈশাখীর ঝড়ে একটা নেকড়ে বাঘ নদীর ওপারে গঞ্জের ঘাটে একটা পাকুড় গাছে উঠেছিল । দমকা হাওয়ায় গাছ ভেঙ্গে পদ্মা নদীতে পড়ে বাঘটা জলে ভেসে যাচ্ছিল । তারপর সাঁতরে একটা নদীর চরে ওঠে । সেখানে আবদুল মাঝিকে দেখে যখন তাকে আক্রমণ করতে যাবে তখন আবদুল মাঝি রশির ফাঁস তার গলায় আটকে দিয়ে তাকে ধরে ফেলে । এই কাণ্ডের কথা এখানে বলা হয়েছে ।

২। “সাঁতার কেঁটে জমে উঠেছে তার খিদে” কার খিদে জমে উঠেছে ? কোথায় সে সাঁতার কাঁটছিল ? সাঁতার কাঁটার পর আবদুলের হাতে তার কী অবস্থা হয় ?

উ: আবদুল মাঝির গল্পে একটা নেকড়ে বাঘের খিদে জমে উঠেছিল । সে পদ্মা নদীতে সাঁতার কাঁটছিল । সাঁতার কাঁটার পর সে একটা চরে ওঠে । সেখানে আবদুলকে দেখে তার খিদে পায় । সে আবদুলকে আক্রমণ করার জন্য যেই দুপা তুলে উঠে দাড়ায় তখনই আবদুল রশির ফাঁস তার গলায় আটকে দেয় । ফাঁস ছাড়ানোর জন্য যতই সে ছটফট করে ততই ফাঁসটা তার গলায় আঁটকে জিভ বেরিয়ে যায় । আবদুল সেই বাঘকে দিয়ে গুণ টানিয়ে বিশ ক্রোশ দূরে বাহাদুর গঞ্জে ফিরেছিল দশ-পনেরো ঘন্টার জায়গায় মাত্র দেড় ঘন্টায় ।

৩। আবদুল মাঝি নেকড়ে বাঘকে কীভাবে ধরেছিল ?

উঃ আবদুল মাঝি একদিন চন্ডির মাসের শেষে ডিঙিতে করে মাছ ধরতে

গিয়েছিল । হঠাৎ কালবৈশাখীর ঝড় উঠেছিল । ভীষণ তুফান, নৌকা ডোবে ডোবে ।
আবদুল তখন দাঁতে রশি কামড়ে ধরে ঝাঁপিয়ে পড়ল জলে, সাঁতরে উঠল চরে,
কাছি ধরে টেনে তুলল তার ডিঙি । হঠাৎ একটা নেকড়ে বাঘ ঝড়ের সময় পাকুড়
গাছ উঠে পড়েছিল । দমকা হাওয়ায় গাছ ভেঙে পড়ল পদ্মায় । বাঘভায়া জলের
তোড়ে ভাসতে ভাসতে চরে এসে উঠল । তাকে দেখে আবদুল তার গলায় ফাঁস
আটকিয়ে ধরে ফেলল ।

৪। “বাইরে ভেতরে অনেক মানুষের সঙ্গে তার চেনাশোনা হয়ে গেছে” – বাক্যটি
বুঝিয়ে দাও ।

উঃ বাইরে ভেতরে অনেক মানুষের সঙ্গে তার চেনাশোনা হয়ে গেছে এই বাক্যটিতে
বাইরে বলতে বাঘের সঙ্গে যে সব মানুষদের দেখা হয়েছে অর্থাৎ যেসব মানুষ
বাঘের চোখ এড়িয়ে পালাতে পেরেছে তাদের কথা বলা হয়েছে । ভেতরে বলতে বাঘ
যেসব মানুষকে খেয়েছে তার কথা বলা হয়েছে ।

Manashi Chaudhuri